নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- ৩২৬৮
তারিখ:-
গ্রহণকারী:-
অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
হিসাব শাখা-১
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৩১.৪১.০০০৩.২৫.৬৫৪

তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন "শহীদ মোঃ সামিদ হোসেন সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পের ভবন নির্মাণ কাজের ব্যয় নির্বাহের জন্য ২০২৫-২০২৬ আর্থিক সালে চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।**

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজের জন্য যুগ্মসচিব (প্রকল্প পরিচালক), বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা'র স্মারক নং/১১৪ তারিখ-০৯/১২/২০২৫খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট যথাক্রমে ৩০,০০,০০০/= (ত্রিশ লক্ষ) টাকার ০১(এক)টি চেক ন্যস্ত করা হয়েছে। যার চেক নং-CH-100 9739353 তারিখ-০৯-১২-২০২৫ খ্রিঃ, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা হতে উত্তোলন পূর্বক খরচ করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র ৭ (সাত) দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করা পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

শর্তঃ

১) প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
২) বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তর/ প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
৩) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্‌ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
৪) এই অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক খরচ করতে হবে।

সংযুক্তিঃ চেক নং- CH-100 9739353 তারিখ-০৯-১২-২০২৫ খ্রিঃ,
টাকার পরিমাণঃ ৩০,০০,০০০/= টাকা।

২২-১২-২০২৫
স্বপন চাকমা
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
০২২২৩৩৮৮৯১৪
se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী
ময়মনসিংহ গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ।

৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৩১.৪১.০০০৩.২৫.৬৫৪/১ (১২)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র)/ (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। যুগ্মসচিব (প্রকল্প পরিচালক), "শহীদ মোঃ সামিদ হোসেন সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ, মুক্তাগাছা, ময়মনসিংহ" শীর্ষক প্রকল্প, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা। হইা পত্রে বর্ণিত তার স্মারক নং ও তারিখের প্রেক্ষিতে।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মওঅ), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত সার্কেল, ময়মনসিংহ।
৭। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
১২। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২২-১২-২০২৫
স্বপন চাকমা
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)